

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪০২

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَن حَفْصةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَرَادَ أَنْ يَرْقُدَ وَضَعَ يَدَهُ الْيُمْنَى تَحْتَ خَدِّهِ ثُمَّ يَقُولُ: «اللَّهُمَّ قِنِي عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ عِبَادَكَ». ثَلَاثَ مَرَّاتِ رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

২৪০২-[২২] হাফসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুমানোর ইচ্ছা করলে ডান হাত গালের নীচে রাখতেন, অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তিনবার বলতেন, ''আল্লহুম্মা কিনী 'আযা-বাকা ইয়াওমা তাব্'আসু 'ইবা-দাকা'' (অর্থাৎ- হে আল্লাহ! তুমি যেদিন তোমার বান্দাদেরকে কবর হতে উঠাবে, তোমার 'আযাব হতে আমাকে রক্ষা করবে)। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ : তবে (ثلاث مرات) অংশটুকু ব্যতীত। আবূ দাউদ ৫০৪৫, মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ৩৯৪, আল কালিমুত্ব তুইয়্যিব ৩৬, সহীহাহ্ ২৭৫৪, সহীহ আল জামি' ৪৬৫৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (قِنِيْ عَذَابَكَ يَوْمُ تَبْعَثُ عِبَادَك) অর্থাৎ- এক্ষেত্রে প্রত্যেক জ্ঞানবান ব্যক্তির জন্য জানা উচিত হলো, ঘুমকে আল্লাহ মাধ্যম বানিয়েছেন মৃত্যু ও পুনরুখানের কথা স্মরণ করার জন্য, যা মৃত্যুর পরে সংঘটিত হবে।

কোন কোন বর্ণনায় (مَرَّاتِ) "একবার" এর পরিবর্তে مِرَارً "একাধিকবার" বলার কথা উল্লেখ রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন